

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার কার্যালয়,
আদিতমারী, লালমনিরহাট।

স্মারক নং: ৩৩.০১.৫২০২.০০০.১৯.৩৮০

তাং- ৩০/০৭/২০১৯ ইং

নোটিশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট প্রজেক্ট (এলডিডিপি) এর কার্যক্রম মাঠ পর্যায়ে বাস্তবায়ন শুরু হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ইউনিয়ন পর্যায়ে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা এবং সংশ্লিষ্ট ইউনিয়নের প্রাণিসম্পদ খামারীদের প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য নির্ধারিত ইউনিয়নে (পলাশী ইউনিয়ন ব্যতীত) ০১(এক) জন করে লাইভস্টক সার্ভিস প্রোভাইডার Livestock Service Provider (LSP) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীদের নিকট থেকে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয়তা, এনআইডি নম্বর, সদ্য তোলা দুই(০২) কপি ছবি, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত A4 সাইজ কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, লালমনিরহাট ও সভাপতি, লাইভস্টক সার্ভিস প্রোভাইডার বাছাই কমিটি বরাবরে আহবান করা যাচ্ছে। আশ্রয়ীদের আগামী ৩০-০৭-২০১৯ইং হইতে ১৮-০৮-২০১৯ইং তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ দরখাস্ত জমাদানের জন্য অনুরোধ করা হল। আগামী ২৫-০৮-২০১৯ইং তারিখ-এ সকাল ১০:০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে মূল্যায়ন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. আবেদনকারীর বয়স ২৫-৪৫ বছর হতে হবে।
৩. পুরুষ বা নারী উভয়েই(এলএসপি) হিসেবে আবেদন করতে পারবে।
৪. ক্ষুদ্র ও প্রান্তিক খামারীদের অগ্রাধিকার দেয়া হবে।
৫. শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। বাংলা পড়া ও লেখায় দক্ষ হতে হবে।
৬. প্রাণিসম্পদ বিষয়ে ডিএলএস বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত ও প্রাণিসম্পদ সেবা বা লালন পালন কাজে অভিজ্ঞতা সনদ থাকতে হবে।
৭. কর্মঠ, স্ব-উদ্যোগী ও নেতৃত্ব প্রদানের গুণাবলী থাকতে হবে।
৮. প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য (এলএসপি)-এর দায়িত্ব ও কর্তব্য যথাযথভাবে পালনের মানসিকতা থাকতে হবে।
৯. অন্য কোন প্রতিষ্ঠানে পূর্ণকালীন কর্মরতদের, এনএটিপি-২ প্রকল্পের সীলদের এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের এআই স্বেচ্ছাসেবীগণের আবেদন করার প্রয়োজন নাই।
১০. প্রয়োজনীয় সকল সনদের সত্যায়িত ফটোকপি।
১১. কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।

স্বাক্ষর:

(ডাঃ মোঃ মোশারফ হোসেন)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
আদিতমারী, লালমনিরহাট।

বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলঃ

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
২. উপজেলা কৃষি কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।
৩. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আদিতমারী, লালমনিরহাট।

অনুলিপিঃ

১. নোটিশ বোর্ড।
২. অফিস নথি।

(ডাঃ মোঃ মোশারফ হোসেন)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,
আদিতমারী, লালমনিরহাট।